এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

# যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ২ | ১ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ★ দৃশ্যকল্প-১: মি. রহমান যেকোনো বিষয় সুন্দরভাবে উপস্থাপন করেন। অন্যের বক্তব্যে কোনো ভুল থাকলে তিনি তা শনাক্ত করেন এবং কৌশলে তিনি তা সংশোধন করে দেন।

দৃশ্যকল্প-২: মি. জামাল ক্রেতাদের সাথে ভাল ব্যবহার করেন এবং সীমিত লাভে মানসম্পন্ন পণ্য বিক্রয় করেন।

ক. বিষয়বস্তু অনুযায়ী দর্শনকে কয় ভাগে ভাগ করা যায়? ১

খ. যুক্তিবিদ্যাকে সকল কলার ফলিত কলা বলা হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের দৃশ্যকল্প-১ এ কোন বিষয়টির প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে দৃশ্যকল্প-১ ও ২ এর মধ্যকার সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

২. ★ রবিবারের ক্লাসে এসে প্রশিক্ষক বললেন, মধ্যাহ্ন ভোজের পর আপনারা হয় চা অথবা কফি পাবেন। এ কথা শুনে একজন প্রশিক্ষণার্থী বললেন, আমি চা এবং কফি দুটোই পান করব। প্রশিক্ষক হেসে বললেন, আপনারা যেকোনো একটি পারেন।

ক. একটি যুক্তিবাক্যের কয়টি অংশ থাকে? ১

খ. কোন ধরনের বাক্যকে প্রাকল্পিক যুক্তি বাক্য বলা হয়? ২

গ. উদ্দীপকে প্রশিক্ষকের ১ম বক্তব্যে কোন প্রকারের যুক্তিবাক্যের ইঙ্গিত রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীর বক্তব্যের তুলনামূলক আলোচনা করো। ৪

৩. ★ ১নং যুক্তিবাক্য → সব ফুল হয় লাল

২নং যুক্তিবাক্য → কিছু ফুল হয় লাল

৩নং যুক্তিবাক্য → কিছু ফুল নয় লাল

https://teachingbd24.com

ক. সরল পদ কাকে বলে? ১
খ. "সকল পদ শব্দ কিন্তু সকল শব্দ পদ নয়" কেন? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন যুক্তিবাক্যটি সার্বিক সদর্থক যুক্তিবাক্য এবং কেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ৩টি যুক্তিবাক্য 'লাল' পদটির ব্যাপ্যতার বিষয়টি তুলনামূলকভাবে বিশ্লেষণ করো। ৪

৪. ▶ শামীম শাহীনকে বলল বাংলাদেশে দিন দিন বেকারত্বের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এ বেকারত্বের সংখ্যা কমাতে হলে দেশে শিক্ষার হার বাড়াতে হবে। শামীমের বক্তব্য শ্রবণ করে শাহীন বলল দেশে যতই শিক্ষার হার বৃদ্ধি পাবে ততোই বেকারত্ব হ্রাস পাবে।

ক. যুক্তিবাক্য কাকে বলে? ১
খ. পদ ও শব্দের পার্থক্য নির্দেশ করো। ২
গ. উদ্দীপকে পদের কোন সম্পর্কের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের পদের সম্পর্কের ইঙ্গিতকৃত বিষয়টির যথার্থতা বিচার করো। ৪

৫. ★ সাবিনা আক্তার রসুলপুর গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারে ১৯৮৪ সালের ২০ এপ্রিল জন্মগ্রহণ করেন। তিনি সাংসারিক কাজ করতে ভালোবাসেন এবং গরিব-দুঃখীদের সাহায্য করেন। তাই গ্রামের সবাই তাকে পছন্দ করেন।

ক. বিধেয়ক কাকে বলে? ১
খ. বিধেয় ও বিধেয়ক সমার্থক নয় কেন? ২
গ. উদ্দীপকে সাবিনা আক্তারের জন্ম তারিখ কোন ধরনের বিধেয়ক? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে সাবিনা আক্তারের জন্ম তারিখ ও চারিত্রিক গুণাবলিতে যে বিধেয়কের প্রতিফলন ঘটেছে তার তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

৬. ★ দৃষ্টান্ত-১: রনি হয় মরণশীল। জলি হয় মরণশীল। টনি হয় মরণশীল। সুতরাং সব মানুষ হয় মরণশীল। দৃষ্টান্ত-২: সব মানুষ হয় মরণশীল। রওনক হয় মানুষ সুতরাং রওনক হয় মরণশীল।

ক. অনুমান কাকে বলে? ১
খ. অনুমানের বৈশিষ্ট্যগুলো বর্ণনা করো। ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের দৃষ্টান্ত-১ এর প্রকৃতি ব্যাখ্যা করো। ৩

ঘ. দৃষ্টান্ত-১ ও দৃষ্টান্ত-২ এর পার্থক্য পাঠ্যবইয়ের অনুসরণে লিখ। ৪

৭. ▶ জামিল সাহেব ব্যাংকের লোন নিয়ে বাড়ি তৈরির কথা ভাবছিলেন। সেই সময় তার বন্ধু আবিদ তাকে সাহায্য করার জন্য এগিয়ে এলেন এবং 'ক' নামক ব্যাংকের ম্যানেজারের সাথে তার পরিচয় করিয়ে দিয়ে চলে গেলেন। পরবর্তীতে জামিল সাহেব ম্যানেজারের নির্দেশ মোতাবেক কাগজপত্র তৈরি করে লোন তুলে বাড়ির কাজ সম্পন্ন করলেন।

ক. প্রতিবর্তন কাকে বলে? ১

খ. চতুষ্পদি অনুপপত্তি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে আবিদের ভূমিকা সহানুমানের কোন পদটিকে নির্দেশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে জামিল সাহেব ও ব্যাংক ম্যানেজারের সম্পর্কটি সহানুমানের আলোকে আলোচনা করো। ৪

৮. ★ দৃষ্টান্ত-১: সকল মানুষ হয় সৎ

∴ কিছু সৎ লোক হয় মানুষ।

দৃষ্টান্ত-২: সকল মাছ হয় জলজ প্রাণী

ইলিশ হয় এক প্রকার মাছ

∴ ইলিশ হয় জলজ প্রাণী।

ক. অবরোহ কাকে বলে? ১

খ. A ও I যুক্তিবাক্যের আবর্তন দেখাও। ২

গ. ১ নং দৃষ্টান্তের যুক্তিটি কোন অনুমানকে ধারণ করে ব্যাখ্যা করো। ৩

ঘ. ১ নং দৃষ্টান্ত ও ২ নং দৃষ্টান্তের যুক্তির বৈসাদৃশ্য বিশ্লেষণ করো। ৪

৯. ★ জ্ঞান পিপাসু মানুষ কতভাবেই না জ্ঞান অর্জন করতে পারে। বিশেষ যত্ন ও মনোযোগের সাথে ধীরস্থিরভাবে কোন কিছু দেখলে বা শুনলে জ্ঞান অর্জিত হতে পারে। আবার গবেষণাগারে যন্ত্রপাতির সাহায্যে ইচ্ছামতো কোন কিছু তৈরি করে প্রাপ্ত ফলাফল থেকেও নিশ্চিত জ্ঞান অর্জিত হতে পারে। জ্ঞান অর্জনই বড় কথা তা প্রাকৃতিকভাবে হোক কিংবা কৃত্রিম উপায় হোক।

ক. আরোহের বস্তুগত ভিত্তি কী কী? ১


https://teachingbd24.com

খ. "সূর্য পৃথিবীর চারদিকে ঘোরে"- কোন ধরনের অনুপপত্তি? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মনোযোগের সাথে ধীরস্থিরভাবে যে জ্ঞান অর্জনের কথা বলা হয়েছে তা পাঠ্যবইয়ের কোন বিষয়ের সাথে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ধীরস্থিরভাবে জ্ঞান অর্জন ও গবেষণাগারে যন্ত্রপাতির সাহায্য জ্ঞানার্জন- যে বিষয় দু'টির ইঙ্গিত করেছে তাদের মধ্যে পার্থক্য দেখাও। ৪

১০. ▶




ক. বহুকারণ সমন্বয় কাকে বলে? ১

খ. কারণ এবং শর্তের পার্থক্য কী? ২

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টির পাঠ্যপুস্তকের কোন বিষয়ের সাথে মিল আছে? তা আলোচনা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত বিষয়টিকে তুমি কি সমর্থন কর? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

১১. ★ মিঃ রফিক তার ব্যক্তিগত গাড়িতে মার্কেটে যাচ্ছিলেন। পথে ট্রাফিক মোড়ে লালবাতি জ্বলতে দেখে ড্রাইভার গাড়ি থামিয়ে দিল। এ সময় পাশে তাকাতেই তার চোখে পড়লো একটি বড় ঔষধের দোকান যার সাইনবোর্ডে লাল রঙের যোগ চিহ্ন আঁকা রয়েছে।

ক. সত্যতা কী? ১

খ. বৈকল্পিত বাক্য বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত "লালবাতি" বিষযটি যুক্তিবিদ্যার কোন বিষয়কে প্রকাশ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত "যোগ চিহ্ন" এবং "লালবাতি" বিষয় দুটির তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

# যুক্তিবিদ্যা প্রথম পত্র

বিষয় কোড | ১ | ২ | ১ |

সময় — ৩০ মিনিট **বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১.** সবিচার চিন্তা নিয়ে আলোচনা করা যুক্তিবিদ্যার মৌলিক কাজ - উক্তিটি কার?
- ক) যুক্তিবিদ স্টেবিং এর
- খ) জন স্টুয়ার্ট মিলের
- গ) কার্ল মার্কসের
- ঘ) ম্যাক্স ওয়েবারের

**২.** অনুমান হলো-
- i. জানা থেকে অজানা বাক্যে উত্তরণ
- ii. অজানা থেকে জানাতে উত্তরণ
- iii. জানা থেকে অজানায় উত্তরণ

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  খ) i ও iii
- গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৩.** যুক্তিবিদ্যা ও গণিতের সাদৃশ্য হলো-
- i. উভয়ই আকারগত বিদ্যা
- ii. যুক্তিবিদ্যা ও গণিত উভয়ই বিজ্ঞান
- iii. যুক্তিবিদ্যা ও গণিত বিধিবদ্ধ প্রণালীতে সমস্যা সমাধান করে

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  খ) i ও iii
- গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৪.** মূল্য বিদ্যার অন্তর্ভুক্ত-
- i. যুক্তিবিদ্যা
- ii. নন্দনতত্ত্ব  iii. পদার্থবিদ্যা


নিচের কোনটি সঠিক?
- ক) i  খ) ii
- গ) i ও ii  ঘ) ii ও iii

**৫.** 'Philosophy' এর শাব্দিক অর্থ কী?
- ক) দর্শন করা বা দেখা
- খ) জ্ঞানের প্রতি অনুরাগ
- গ) জীবনের প্রতি আগ্রহ
- ঘ) জীবন ও জগৎ সম্পর্কে আলোচনা

**৬.** নিচের কোনটি পদ নয়?
- ক) রফিক  খ) অবশ্যই
- গ) সে  ঘ) সমুদ্র

**৭.** যুক্তিবিদ্যার ইংরেজি প্রতিশব্দ 'Logic' উৎপত্তি কোন শব্দ থেকে?
- ক) Logica  খ) Logan
- গ) Logik  ঘ) Logos

**নিচের ছকটি দেখ এবং ৮-১০নং প্রশ্নের উত্তর দাও:**




**৮.** বিশেষ সদর্থক যুক্তিবাক্য হিসেবে স্বীকৃত কোনটি?
- ক) উদ্দেশ্য পদ ব্যাপ্য  খ) বিধেয় পদ ব্যাপ্য
- গ) উভয় পদ ব্যাপ্য  ঘ) উভয় পদ অব্যাপ্য

**৯.** উল্লেখিত শ্রেণিবিভাগ নির্দেশ কর-
- i. গুণ অনুসারে শ্রেণিবিভাগ
- ii. পরিমাণ অনুসারে শ্রেণিবিভাগ
- iii. তাৎপর্যের ভিত্তিতে শ্রেণিবিভাগ

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  খ) i ও iii
- গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১০.** সার্বিক যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ ব্যাপ্য হওয়ার যথার্থতা-
- i. উদ্দেশ্য পদের সম্পূর্ণ ব্যক্ত্যর্থ স্বীকার
- ii. উদ্দেশ্য পদের আংশিক ব্যক্ত্যর্থ স্বীকার
- iii. বিধেয় পদ অব্যাপ্য

নিচের কোনটি সঠিক?
- ক) i  খ) ii
- গ) iii  ঘ) ii ও iii

**১১.** পরফিরির বিধেয়কের অন্তর্ভুক্ত হলো-
- i. উপজাতি
- ii. বিভেদক লক্ষণ  iii. উপলক্ষণ

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  খ) i ও iii
- গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১২.** ব্যক্তিগত বিচ্ছেদ্য অবান্তর লক্ষণ হচ্ছে-
- i. বাসস্থান
- ii. কাকের কালো রঙ
- iii. পোশাক পরিচ্ছদ

নিচের কোনটি সঠিক?
- ক) i ও ii  খ) i ও iii
- গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১৩.** ক্ষুদ্রতম জাতি ও ক্ষুদ্রতম উপজাতির মধ্যবর্তী শ্রেণিসমূহকে জাতির দিক থেকে বিবেচনা করলে তাকে বলে-
- ক) অবর উপজাতি  খ) অবর জাতি
- গ) পরমতম জাতি  ঘ) আসন্নতম উপজাতি

**১৪.** জ্ঞানের প্রধান উৎস কী?
- ক) অনুমান  খ) প্রত্যক্ষণ
- গ) চিন্তা  ঘ) পরীক্ষণ

**১৫.** কম ব্যাপক থেকে বেশি ব্যাপক সিদ্ধান্তে উত্তরণকে কী বলে?
- ক) অবরোহমূলক লম্ফ
- খ) অনুমানমূলক লম্ফ
- গ) আরোহমূলক লম্ফ
- ঘ) কার্যকারণ লম্ফ

**১৬.** কার মতে, সংযোজক সব সময় হ্যাঁ বোধক হবে?
- ক) হবস  খ) মিল
- গ) টমাস  ঘ) যোসেফ

Teachingbd24.com

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:**
অয়ন ও চয়ন দুই বন্ধু একাদশ শ্রেণির ছাত্র। অনুমানের প্রকৃতি ও প্রকারভেদ নিয়ে তারা আলোচনা করছিল। এমন সময় চয়ন প্রশ্ন করল, অনুমান আমাদের জ্ঞানার্জনের ক্ষেত্রে কী ধরনের ভূমিকা রাখে? অয়ন বলল, এই বিশ্বজগতের অধিকাংশ জ্ঞানই অনুমানলব্ধ জ্ঞান।

**১৭. অনুমানকে প্রধানত কয় ভাগে ভাগ করা হয়েছে?**
i. দুই ভাগে
ii. তিন ভাগে　　iii. চার ভাগে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i　　ⓚ i ও ii
ⓖ ii ও iii　　ⓖ i ও iii

**১৮. কোন মানুষ নয় অমর**
**∴ কোন অমর জীব নয় মানুষ। - উক্ত উক্তিটি একটি**
ⓚ মাধ্যম অনুমান　　ⓚ অমাধ্যম অনুমান
ⓖ আরোহ অনুমান　　ⓖ কোনটি নয়

**১৯. ★ 'O' বাক্য কোন ধরনের বাক্য?**
ⓚ নঞর্থক　　ⓚ সদর্থক
ⓖ জটিল　　ⓖ প্রাকল্পিক

**২০. ★ রাশেদ হয় মেধাবী না হয় পরিশ্রমী**
**রাশেদ হয় মেধাবী না হয় চতুর**
**∴ রাশেদ হয় চতুর না হয় পরিশ্রমী।**
**উপরের কোন সহানুমানের দৃষ্টান্ত উল্লেখিত হয়েছে?**
ⓚ অমিশ্র বৈকল্পিক সহানুমান
ⓚ মিশ্র সহানুমান
ⓖ প্রাকল্পিক সহানুমান
ⓖ অমিশ্র সহানুমান

**নিচের উদ্দীপকটি পড়ে ২১নং প্রশ্নের উত্তর দাও:**
ফেসবুকের ব্যবহার যুব সমাজের ধ্বংসের কারণ।

**২১. এখানে ফেসবুকের ব্যবহার হলো—**
i. কার্যের পূর্ববর্তী ঘটনা
ii. কার্যের অপরিবর্তনীয় পূর্ববর্তী ঘটনা
iii. কার্যের শর্তহীন পূর্ববর্তী ঘটনা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i　　ⓚ ii
ⓖ ii ও iii　　ⓖ i, ii ও iii

**২২. প্রকৃতির নিয়মানুবর্তিতা নীতিকে বর্ণনা করা যায়-**
i. সদর্থকভাবে
ii. মৌলিকভাবে　　iii. সঞর্থকভাবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i　　ⓚ iii
ⓖ i ও iii　　ⓖ i, ii ও iii

**২৩. অক্সিজেন দহনক্রিয়ার পর্যাপ্ত শর্ত নয়। দহন ক্রিয়ার পর্যাপ্ত শর্তগুলো হলো-**
i. পর্যাপ্ত বস্তু　　ii. উত্তাপের মাত্রা উভয়ই
iii. দাহ্য বস্তুর উপস্থিতি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　　ⓚ i ও iii
ⓖ ii ও iii　　ⓖ i, ii ও iii

**২৪. ★ যুক্তিবিদ্যায় না, নয় এর জন্য কোন প্রতীক ব্যবহৃত হয়?**
ⓚ বিন্দু　　ⓚ ঢেউ
ⓖ ফলা　　ⓖ নাল

**২৫. যদি A এবং B সত্য এবং X, Y, Z মিথ্যা হয়, তাহলে (AvB).(XvY) এর সত্য মান হবে-**
i. সত্য
ii. মিথ্যা　　iii. সত্য ও মিথ্যা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i　　ⓚ ii
ⓖ i ও ii　　ⓖ i, ii ও iii

**২৬. আমরা কোন কিছুকে কোন বিষয়ের চিহ্ন বা সংকেত হিসেবে ব্যবহার করি-**
i. বিষয়টিকে সহজে প্রমাণের জন্য
ii. কোন কিছুকে নির্দেশ করার জন্য
iii. বিষয়টিকে জটিল করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　　ⓚ i ও iii
ⓖ ii ও iii　　ⓖ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় ও ২৭-২৮ নং প্রশ্নের উত্তর দাও:**
ঈদের ছুটিতে বাড়ি যাবার সময় সুমন তার বন্ধু সোহাগকে বলল, যদি লঞ্চে যাও তাহলে আমি যাবো। সোহাগ বলল, বাস অথবা লঞ্চ যেভাবেই হোক বাড়িতে যেতেই হবে।

**২৭. উদ্দীপকে সুমনের বক্তব্যে কোন যুক্তিবাক্যের প্রকাশ ঘটেছে?**
ⓚ সংযৌগিক　　ⓚ বৈকল্পিক
ⓖ প্রাকল্পিক　　ⓖ নিষেধক

**২৮. সুমন ও সোহাগের বক্তব্যে রয়েছে-**
i. নির্ভরশীলতার সম্পর্ক
ii. অনিবার্যতার সম্পর্ক　　iii. বিকল্প চিন্তার সম্পর্ক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　　ⓚ i ও iii
ⓖ ii ও iii　　ⓖ i, ii ও iii

**২৯. $p \vee q$ মিথ্যা হয় যখন-**
ⓚ p ও q সত্য　　ⓚ p মিথ্যা q সত্য
ⓖ p সত্য q মিথ্যা　　ⓖ p মিথ্যা q মিথ্যা

**৩০. সংযৌগিক যুক্তিবাক্যের ক্ষেত্রে—**
i. p সত্য ও q মিথ্যা হলে p.q মিথ্যা হবে
ii. p মিথ্যা ও q সত্য হলে p.q সত্য হবে
iii. p ও q উভয়ই মিথ্যা হলে p.q মিথ্যা হবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii　　ⓚ i ও iii
ⓖ ii ও iii　　ⓖ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | খ | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | গ |
| | ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ক | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | গ |

teachingbd24.com

https://teachingbd24.com